



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়)  
মাহবুব প্লাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- মুবিম/পিডি/সমাধি/বা-০০১/২০২২-২৩/০১

তারিখঃ ২৫/০৪/২০২৩ খ্রি:

**বিষয়ঃ শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়) প্রকল্পের আওতায় ১৫,০০০ সমাধি নির্মাণের জন্য ১৪ কলামের ছক মোতাবেক তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১ম পর্যায়ে ২০,০০০ এর মধ্যে ৫,০০০ সমাধি গণপূর্ত বিভাগ নির্মাণ করেছে মর্মে জানা গেছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে সম্পৃক্ত করে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে অবশিষ্ট ১৫,০০০ সমাধি নির্মাণের জন্য সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে (মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংযুক্ত)। প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায় থেকে সঠিক তথ্য সংগ্রহের জন্য “উপজেলা পর্যায়ে সমাধির জন্য আবেদনপত্র আহ্বানের নমুনা ছক” ও প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য “১৪ কলামের নমুনা ছক” প্রস্তুতপূর্বক অত্রসং সংযুক্ত করা হলো। প্রাপ্ত আবেদনপত্র যাচাইয়ের জন্য ডিপিপি অনুযায়ী ‘উপজেলা সমাধিস্থল চিহ্নিত/নির্বাচন কমিটি’ গঠন করা হয়েছে। যা নিম্নরূপঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার ..... সভাপতি।
- ২। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা প্রতিনিধি..... সদস্য।
- ৩। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (PIO)..... সদস্য সচিব।

এমতাবস্থায়, প্রকল্পটি বাস্তবায়নের সুবিধার্থে আগামী ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে আবেদনপত্র মোতাবেক তথ্য সংগ্রহ ও উপজেলা সমাধিস্থল চিহ্নিত/নির্বাচন কমিটি কর্তৃক যাচাইপূর্বক ১৪ কলামের ছক মোতাবেক তালিকা স্বাক্ষরপূর্বক সরাসরি প্রকল্প পরিচালক বরাবর ই-মেইল (somadhinirman@gmail.com) যোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

শহীদ মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল  
সংরক্ষণ ও উন্নয়ন (১ম পর্যায়) (১ম সংশোধন)  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নং- মুবিম/পিডি/সমাধি/বা-০০১/২০২২-২৩/০১

তারিখঃ ২৫/০৪/২০২৩ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) বিভাগীয় কমিশনার (সকল)।
- ০২) জেলা প্রশাসক (সকল)।
- ০৩) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬) উপসচিব (বাজেট/পরিকল্পনা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৮) সচিবের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (PIO) (সকল)।
- ১১) সহকারী প্রকৌশলী-১ ও ২, বীর নিবাস প্রকল্প।
- ১২) বিভাগীয় উপ-সহকারী প্রকৌশলী (সকল), বীর নিবাস প্রকল্প।
- ১৩) অফিস কপি।

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)